

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২৫.১৭.১১৬

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৪

০৩ ডিসেম্বর ২০১৭

বিষয়: বাল্যবিবাহ নিরোধকল্পে জাতীয় কর্মপরিকল্পনা (খসড়া) ২০১৭-২০৩০
চূড়ান্তকরণের লক্ষ্যে মতামত প্রদান সংক্রান্ত।

সূত্র: ৩২.০০.০০০০.০৩৭.০৫.০২৬.১৭.২৭৫ ১৫ নভেম্বর ২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাল্যবিবাহ নিরোধকল্পে জাতীয় কর্মপরিকল্পনা ২০১৭-২০৩০ (খসড়া) এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়নি। তবে গত ১৯ জানুয়ারি ২০১৬ তারিখে এ মন্ত্রণালয় হতে স্কুল, কলেজ, মাদ্রাসায় ধর্মীয় শিক্ষক-শিক্ষিকা-কর্মচারী কর্তৃক বিয়ে পড়ানো সংক্রান্ত একটি পরিপত্র জারি করা হয়েছে (পতাকা-ক)। উক্ত পরিপত্রে উল্লেখ করা হয়েছে যে, স্কুল, কলেজ, মাদ্রাসার ধর্মীয় শিক্ষক-শিক্ষিকা-কর্মচারী কর্তৃক বিয়ে পড়ানোর ক্ষেত্রে পাত্র-পাত্রীর বয়স আইনে নির্ধারিত বয়সের নীচে নয় এমন পাত্র-পাত্রী এবং অভিভাবককে বিবাহের ক্ষেত্রে নিরুৎসাহিত করতে হবে। ধর্মীয় বা অন্য কোন শিক্ষক-কর্মকর্তা বা কর্মচারীকে আইনের নির্ধারিত ন্যূনতম বয়স সম্পর্কে নিশ্চিত হয়েই বিয়ে পড়াতে হবে এবং বয়স সংক্রান্ত কাগজপত্রও সংরক্ষণ করতে হবে। বিয়ে পড়ানো শিক্ষক সংশ্লিষ্ট বিয়ে রেজিস্ট্রেশনের বিষয়টিও নিশ্চিত করবেন। জেলা শিক্ষা অফিসার-উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনকালে বাল্য বিবাহের সুফল-কুফল সম্পর্কে ছাত্র-ছাত্রী এবং অভিভাবকদের সচেতনতামূলক পরামর্শ প্রদান করবেন।

বর্ণিতাবস্থায়, অত্র মন্ত্রণালয়ের ১৯ জানুয়ারি ২০১৬ তারিখে জারিকৃত পরিপত্রে বর্ণিত তথ্য বাল্যবিবাহ নিরোধকল্পে জাতীয় কর্মপরিকল্পনা ২০১৭-২০৩০ (খসড়া)-এ অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৩-১২-২০১৭

অসীম কুমার কর্মকার

সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৯৫৭০৬৭২

ইমেইল: as.sec3@moedu.gov.bd

সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২৫.১৭.১১৬/১(৪)

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৪

০৩ ডিসেম্বর ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪) ব্যক্তিগত কর্মকর্তা, বেসরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



৩-১২-২০১৭

অসীম কুমার কর্মকার
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)